

পঞ্চায়েত-পুর উন্নয়নে ৯০৫ কোটির সুপারিশ

এই সময়: রাজ্যের পঞ্চম অর্থ কমিশন পঞ্চায়েত ও পুরসভাগুলির উন্নয়নে আগামী পাঁচ বছরে ৯০৫ কোটি টাকা বরাদ্দের সুপারিশ করল। অভিরূপ সরকারের নেতৃত্বে কমিশন তার অর্ন্তবর্তীকালীন রিপোর্ট এই সুপারিশ প্রস্তাব করেছে। সোমবারই রাজ্য সরকার বিধানসভায় এই রিপোর্ট প্রকাশ করে। রাজ্যের আদায়কৃত নিজস্ব করের ৫ শতাংশ এই উন্নয়নে খরচ করতে হবে। এই টাকার ৬৮ শতাংশ পাবে গ্রামীণ এলাকা। বাকিটা পুর এলাকায় খরচ করতে হবে।

কমিশন চায়, গ্রামীণ এলাকার পশ্চাদপদতা, জনসংখ্যা ও এলাকার ভিত্তিতে পঞ্চায়েতকে অর্থ বরাদ্দের মাপকাঠি করতে। গ্রামীণ এলাকায়

উন্নয়নে বরাদ্দের মূল টাকার ৬০ শতাংশ গ্রাম পঞ্চায়েতগুলিকে দিতে হবে। পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের মাধ্যমে ২০ শতাংশ অর্থ খরচ করতে হবে। সবটাই দিতে হবে নিঃশতধীন তহবিল হিসেবে। যাতে প্রয়োজন মতো গ্রাম পঞ্চায়েত উন্নয়নে খরচ করতে পারে। গুণগত মানের নিরিখে কাজের ভিত্তিতে উৎসাহদান তহবিলের প্রস্তাব দেওয়া হয়েছে। বছরে নিঃশর্ত তহবিলের টাকার ২ শতাংশ উৎসাহদান তহবিল হিসেবে খরচ করতে হবে। পুর এলাকায় খরচের ক্ষেত্রে কিছু বলা হয়নি। বৃষ্টি কর ও পরিবহণ কর বাবদ আদায়ের ৩০ শতাংশ এবং সামগ্রিকভাবে নিজস্ব কর সংগ্রহের পাঁচ শতাংশ খরচ করতে হবে গ্রামীণ ও পুর এলাকার উন্নয়নে।